

প্রধানমন্ত্রীর বক্তব্যে ভার্সিটি শিক্ষকদের হতাশা

স্টাফ রিপোর্টার ॥ পে স্কেল ইস্যুতে শিক্ষক আন্দোলন নিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার বক্তব্যে হতাশা প্রকাশ করেছেন পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা। আন্দোলন ছেড়ে ক্লাসে ফিরে যেতে প্রধানমন্ত্রীর আহ্বানের প্রতিক্রিয়ায় বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশন নেতৃত্ব বন্দ বলেছেন, মর্যাদা পুনর্বহাল না হওয়া পর্যন্ত তাঁরা কর্মসূচী চালিয়ে যাবেন। আমরা মাননীয় প্রধানমন্ত্রীকে বলব, কেন এত বেতন বৃদ্ধির পর সর্বমহল থেকে এই অসন্তোষ তা খতিয়ে দেখেন, তলিয়ে দেখেন। এটা ওনার বুদ্ধিতে হবে, জানতে হবে।

সোমবার বিকেলে রাজধানীতে এক জনসভায় শিক্ষকদের ক্লাসে ফেরার আহ্বান জানান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, ছাত্রছাত্রীদের পড়ালেখা বন্ধ করবেন না। শিক্ষকদের জন্য আরও কিছু করার থাকলে, সরকার সেটা অবশ্যই বিবেচনা করবে। প্রতিক্রিয়া জানিয়ে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের সভাপতি ও সরকার সমর্থন নীল দলের অন্যতম শিক্ষক নেতা অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ বলেছেন, মর্যাদা পুনর্বহাল না হওয়া পর্যন্ত তাঁরা কর্মসূচী চালিয়ে যাবেন। শিক্ষকদের অবহেলা করা হচ্ছে অভিযোগ করে বলেন, আমরা তো কোন জায়গা থেকে ভেসে আসিনি। আমরা নিজের যোগ্যতা নিয়ে এখানে এসেছি। আমরা মাননীয় প্রধানমন্ত্রীকে বলব, কেন এত বেতন বৃদ্ধির পর সর্বমহল থেকে এই অসন্তোষ তা খতিয়ে দেখেন, তলিয়ে দেখেন। শিক্ষকদের বক্তব্য তুলে ধরতে প্রধানমন্ত্রী সময় চেয়ে পাঁচ/ছয়বার চিঠি পাঠানো হলেও তার কোন সাড়া মেলেনি বলে অভিযোগ করেন ফেডারেশনের সভাপতি।

আন্দোলন স্থগিত বাংলাদেশ ব্যাংকের কর্মকর্তাদের ॥ গবর্নর আতিউর রহমানের আশ্বাসে অষ্টম বেতন কাঠামো নিয়ে তিন দফা দাবিতে চলমান আন্দোলন ২৪ জানুয়ারি পর্যন্ত কর্মসূচী স্থগিত করেছে বাংলাদেশ ব্যাংকের কর্মকর্তারা। সোমবার আন্দোলন স্থগিত করার এ সিদ্ধান্তের কথা সাংবাদিকদের জানিয়েছেন ব্যাংকের কর্মকর্তাদের সংগঠন অফিসার্স ওয়েলফেয়ার কাউন্সিলের সাধারণ সম্পাদক মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী। তিনি বলেন, গবর্নর মহোদয়ের সঙ্গে আমাদের কয়েক দফা বৈঠক হয়েছে। তিনি আমাদের আশ্বাস দিয়েছেন আগামী ২৪ জানুয়ারি কেন্দ্রীয় ব্যাংকের পর্যদ সভায় আমাদের দাবি-দাওয়া উত্থাপন করা হবে এবং অর্থ মন্ত্রণালয়ের সঙ্গে আলোচনা করে তা সুরাহা করা হবে। গবর্নরের এ আশ্বাসের পর আগামী ২৪ জানুয়ারি পর্যন্ত কর্মসূচী স্থগিত করা হয়েছে।